গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ২৩শে সেপ্টেম্বর, ২০২৪
স্থান : প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা

সময় : ১০.০০ ঘটিকা
হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত আগস্ট মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য রিজিওনাল কোর্ডিনেটরকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | প্রকল্পের ল্যান্ড গেজ স্থাপনের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করা হয়। ইতোমধ্যে ৬০টি ল্যান্ড গেজ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। সুফল প্রকল্প থেকে প্রাপ্ত পূর্বের ৩৮টি ও প্রভাতী প্রকল্প থেকে ৬০টি ল্যান্ড গেজ স্থাপনের মাধ্যমে মোট ৯৮টি ল্যান্ড গেজ থেকে পরবর্তী বন্যা মৌসুমে বন্যার পানির উচ্চতার তথ্য সংগ্রহ করা হবে। যার সাহায্যে প্লাবন মানচিত্রের সঠিকতা যাচাই করা হবে। | সকল ল্যান্ড গেজসমূহের জন্য spatial dataset তৈরী করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট, ও ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর) |
| ০৩। | স্বেচ্ছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ প্রদান | প্রকল্প থেকে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। | ক) প্রকল্পের তিন জেলায় স্বেচ্ছাসেবক নির্বাচনের কার্যক্রম আগামী ২৮শে | প্রোগ্রাম ম্যানেজার, ফিল্ড ফ্যাসিলিটেটর ও |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এমতাবস্থায়, স্বেচ্ছাসেবক এর তথ্য সংগ্রহের অগ্রগতি, স্বেচ্ছাসেবদের প্রশিক্ষণ, স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম প্রদানসহ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। | সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ) প্রভাতী প্রকল্পের LCS সদস্যদের স্বেচ্ছাসেবক তালিকায় অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে জাতীয় স্বেচ্ছাসেবক নীতিমালা ২০২৪ অনুসরণ করতে হবে।<br><br>গ) স্বেচ্ছাসেবকদের ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম হিসেবে লাইফ ভেস্ট ও ক্যাপ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে গরমের কথা মাথায় রেখে রং নির্ধারণ ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৪। | ভয়েস মেসেজ পোর্টাল ডেভেলপমেন্ট | গ্রামীণফোন এবং টেলিটক হতে তাদের প্রদর্শিত বিভিন্ন সার্ভিস/ফিচারগুলো নিয়ে তৈরি তুলনামূলক প্রতিবেদন এবং গ্রামীনফোন ও এডিএন টেলিকম থেকে প্রাপ্ত কোটেশন বিষয়ে সভায় আলোচনা হয়। সেই সাথে টেলিটক কে পত্র প্রেরণপূর্বক কোটেশন আহবান এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের উদ্দেশ্যে সম্ভাব্য সেবা প্রদানকারী সংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে আরো একটি সভার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ক) রাইমস কর্তৃক টেলিটক কে পত্র প্রেরণপূর্বক কোটেশন আহবান করতে হবে।<br><br>খ) VOIP সার্ভিস প্রোভাইডার নির্বাচনের ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের জন্য একটি সভার আয়োজন করতে হবে। | কান্ট্রি প্রোগ্রাম লিড, রাইমস, প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিষ্ট |
| ০৫। | বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | জাতীয় পর্যায়ে প্রফেশনাল স্টেকহোল্ডারদের (DDM, BWDB, DAE, DLS etc) নিয়ে বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ এর প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। | সকল প্রস্তুতি সম্পন্ন করে আগামী ১৫ই অক্টোবর প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৬। | বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালা | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালার প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালার প্রেজেন্টশন, অংশগ্রহণকারীর তালিকা, বাজেট ইত্যাদি তৈরীর কাজ আগামী ২৯ সেপ্টেম্বর এর মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৮৪ তারিখ: ২৫-০৯-২০২৪ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট